# Notable (লক্ষণীয়)

নিজের জ্ঞানভান্ডারকে সমৃদ্ধ করতে যেমন একজন নিষ্ঠাবান ও আগ্রহী ছাত্রের প্রয়োজন, তেমনি প্রয়োজন একজন দক্ষ ও প্রেরণাদানকারী শিক্ষকেরও। এ কারণে এখানে দুটি চরিত্র ছাত্র ও শিক্ষককে বিশেষ গুরুত্ব দিয়ে উপস্থাপন করা হয়েছে। একটি চিত্রের মাধ্যমে ছাত্রকে নির্দেশ করা হয়েছে, আরেকটি চিত্রে বোঝানো হয়েছে শিক্ষককে। এদের পাশাপাশি আরও কিছু গুরুত্বপূর্ণ চিত্র সংযোজন করা হয়েছে, যাতে বিষয়বস্তুর বোধগম্যতা সহজ হয়। কারণ আমরা জানি, আমাদের মস্তিষ্ক দৃশ্যমান অবজেক্ট দ্রুত ও সহজে গ্রহণ করতে সক্ষম। পাশাপাশি কিছু নির্দেশনা ও কমান্ড উল্লেখ করা হয়েছে, যেগুলো অনুসরণ করা বাধ্যতামূলক।




**বিশেষ দ্রষ্টব্য:** ইসলামে মানুষের বা যেকোনো প্রাণীর হুবহু ছবি অংকন বা প্রদর্শন করা নিষিদ্ধ। তাই সম্মানিত আলেমগণের পরামর্শ অনুযায়ী যতটুকু অনুমোদনযোগ্য, কেবল সেই পরিমাণেই চিত্র ব্যবহার করা হয়েছে।

# Vocal exercises.

☐ ইংরেজি শেখার ক্ষেত্রে উচ্চারণের জড়তা কাটানোর জন্য মুখ, জিহ্বা, ঠোঁট এবং শ্বাসের ব্যায়াম অত্যন্ত কার্যকর। এই ব্যায়ামগুলো প্রাকটিস এবং পেশীগুলোর নিয়ন্ত্রণ বাড়ানোর মাধ্যমে আপনাকে স্পষ্ট ও আত্মবিশ্বাসীভাবে কথা বলতে সাহায্য করবে। ইংরেজি শেখার মৌলিক নীতিগুলো (Learning Principles) মাথায় রেখে নিচে কিছু ব্যায়ামের সহজ নির্দেশনা দেওয়া হলো:

☐ **মুখের ব্যায়াম (মুখের পেশী শক্তিশালী ও স্পষ্টতা বাড়ানোর জন্য)**

- ☑ মুখের বিশ্রাম: আপনার মুখটা আরাম করে বেশ চওড়া করে খুলুন (যেমন হাই তোলার সময় হয়। ৫-১০ সেকেন্ড ধরে রাখুন। এটি আপনার চোয়ালের পেশীগুলো শিথিল করবে এবং মুখের নমনীয়তা বাড়াবে।
- ☑ মুখের প্রসারণ: ঠোঁটকে হাসির মতো সোজা করে রাখুন এবং তারপর ঠোঁটকে পুঁচকে করুন (যেমন চুমু খাওয়ার ভঙ্গি) এটি ৫-১০ বার করুন। এটি মুখের পেশী দৃঢ় করবে এবং উচ্চারণে স্পষ্টতা আনবে।

☐ **জিহ্বার ব্যায়াম (উচ্চারণ ও ফ্লুয়েন্সি বাড়ানোর জন্য)**

- ☑ জিহ্বার প্রসারণ: জিহ্বা পুরোপুরি বাইরে বের করুন এবং যতটুকু সম্ভব টানুন। কয়েক সেকেন্ড ধরে রাখুন, তারপর জিহ্বা ভিতরে টেনে নিন। এটি ৫-১০ বার করুন। এটি উচ্চারণে সঠিকতা আনবে।
- ☑ জিহ্বার চলন: জিহ্বাকে মুখের ভেতরে বৃত্তাকারে ঘোরান (ডানে এবং বামে), ১০ বার করে। এটি জিহ্বার গতি এবং নিয়ন্ত্রণ বাড়াবে।

☐ **ঠোঁটের ব্যায়াম (স্পষ্ট ভাষণ এবং সঠিক উচ্চারণের জন্য)**

- ☑ ঠোঁটের প্রসারণ: ঠোঁট যতটা সম্ভব সোজা করে একটি বড় হাসি দিন। এটি ৫-১০ সেকেন্ড ধরে রাখুন। এটি ঠোঁটের শক্তিশালী নিয়ন্ত্রণ এবং স্পষ্টতা আনবে।
- ☑ ঠোঁট দিয়ে উঁচু শব্দ: ঠোঁট দিয়ে "ooo" এবং "ee" এর মতো শব্দ তৈরি করে উচ্চারণ করুন। এটি আপনার উচ্চারণে শুদ্ধতা আনবে।

☐ **শ্বাসের ব্যায়াম (স্বরের শক্তি ও নিয়ন্ত্রণ বাড়ানোর জন্য)**

- ☑ গভীর শ্বাস: সোজা হয়ে বসে গভীর শ্বাস নিন এবং ধীরে ধীরে শ্বাস ছাড়ুন। এটি ৫-১০ বার করুন। শ্বাসের নিয়ন্ত্রণ সঠিক উচ্চারণে সাহায্য করবে।
- ☑ শ্বাসে ধ্বনি তৈরি: শ্বাস ছাড়ার সময় গলা দিয়ে "ahh","ee","ooo" এর মতো শব্দ করুন এবং যতক্ষণ সম্ভব ধরে রাখুন। এটি আপনার স্বরের স্থিরতা এবং শক্তি বাড়াবে।

☐ **টাং টুইস্টার: নিয়মিতভাবে** " Cooks cook cupcakes quickly " বা " Friendly fleas and fireflies " এর মতো টাং টুইস্টার চর্চা করুন। এই টং টুইস্টার গুলো (১৯) পৃষ্ঠায় দেওয়া আছে।

# First Month (প্রথম মাস)

## Video Lesson 01 – Day 01 (১ম দিন)

### Alphabet (বর্ণমালা)

| | | | |
|---|---|---|---|
| **A (এই)** | **G (জী)** | **M(এম্)** | **S (এস্)** |
| **B (বী)“** | **H (এইচ্)** | **N(এন্)** | **T (ঠী)** |
| **C (সী)** | **I (আই)** | **O(ওউ)** | **U (ইউ)** |
| **D (ডী)** | **J(জেই)** | **P(ফী)“** | **V (ভী)*** |
| **E (ঈ)** | **K (খেই)** | **Q(খীউ)** | **W (ডাবল্ইউ)** |
| **F(এফ)*** | **L (এল)** | **R(আ.)** | **X (এক্স)** |
| | **Y(ওয়াই)** | **Z(জেড/জি)** | |


☑ **Command:** এক নিঃশ্বাসে সম্পূর্ণ Alphabet ৩ বার শেষ করুন।

### পরিবর্তিত ৯ টি Letters



**Noticeable:** আমরা সবাই Alphabet জানি, তা ঠিক আছে কিন্তু সমস্যা হচ্ছে আমাদের উচ্চারণে। নিচে ৯টি Letter দেওয়া হয়েছে, এই ৯টি উচ্চারণ ঠিক হয়ে গেলে আমাদের উচ্চারণের ৯০% সমস্যার সমাধান হয়ে যাবে।

**"The more you practice, the better you get."**




| | | |
|---|---|---|
| **A (এই)** | **O (ওউ)** | **R (আ.)** |
| **J (জেই)** | **P (ফী)“** | **T (ঠী)** |
| **K (খেই)** | **Q (খীউ)** | **W (ডাবল্ইউ)** |

☑ **Command:** এক নিঃশ্বাসে একটি কলামের লেটার তিনটি ২০বার বলুন এবং এক নিশ্বাসে সম্পূর্ণ টেবিলটি ৭ বার শেষ করুন।

# Video Lesson 02

## বাংলা মহাপ্রাণ ধ্বনি



**Noticeable:** আমাদের ইংরেজি উচ্চারণের কিছু কিছু সমস্যা বাংলা উচ্চারণের সাথে সম্পর্কিত। তাই নিচের মহাপ্রাণ ধ্বনিগুলো সঠিকভাবে উচ্চারণ করতে পারলে, তা আমাদের বাংলা এবং ইংরেজি উভয় ভাষার উচ্চারণে সহায়ক হবে।

**"The more you practice, the better you get."**




**Command:** এই ধ্বনিগুলো এমনভাবে উচ্চারণ করতে হবে যেন মুখ দিয়ে ("খখখ") শব্দ বের হয় এবং মুখের সামনে একটি কাগজ ধরে রাখলে, সেটি যেন বাতাসের চাপে উড়ে যাওয়ার চেষ্টা করে।

| | |
|---|---|
| খ | ঘ |
| ছ | ঝ |
| ঠ | ঢ |
| থ | ধ |
| ফ | ভ |

## আজকের মুখস্থ অংশ



**Attention:** এখানে অনেক কারণ রয়েছে। তবে যদি সবগুলোকে একটি বিষয়ের মধ্যে সীমাবদ্ধ করি, তাহলে বলা যায়, মূল সমস্যাটি মুখস্ত বিদ্যার প্রতি অনীহা এবং প্রয়োজনীয় জিনিস মুখস্ত না করে অপ্রয়োজনীয় নিয়ম মুখস্ত করার প্রবণতা।

**"What you memorize becomes a part of you, shaping your thoughts and actions."**




## প্রয়োজনীয় Vocab.

☐ **Tactics:** Self-Presentation এর জন্য প্রয়োজনীয় ভোকাবুলারি।

| | | | |
|---|---|---|---|
| Opportunity | সুযোগ | Traveling | ভ্রমণ |
| Actually | প্রকৃতপক্ষে | Holidays | ছুটি |
| Honor | সম্মান | Smoking | ধূমপান |

## Self-Presentation

☐ **Note:** একটি মানসম্মত Self-Presentation-এ সাধারণত সাতটি প্রধান পয়েন্ট থাকে। আজ একটি পয়েন্ট নিয়ে আলোচনা করা হলো, বাকি পয়েন্টগুলো পর্যায়ক্রমে পরবর্তী দিনগুলোতে তুলে ধরা হবে।

### 1. Greetings (অভিবাদন):

☑ Hello/Assalamualaikum.
☑ Good [morning/afternoon/evening] to all of you.
☑ How are you all? I hope you are fit and fine.
☑ Thank you very much for giving me such a great opportunity to say something about myself.
☑ It's truly an honor to introduce myself in front of you.


## Daily Conversation Practice (100)

Ask to your partner.



**Attention:** আমরা অনেক সময় মনে করি, শুধু উত্তর মুখস্থ করলেই হবে। কিন্তু প্রশ্ন করাও যে শেখার একটি গুরুত্বপূর্ণ অংশ, সেটি আমরা উপেক্ষা করে বসি। তাই এখন থেকে আমরা শুধু উত্তর নয়, বরং প্রশ্নসহ মুখস্থ করব।

**"What you memorize becomes a part of you, shaping your thoughts and actions."**




| SL | Questions | Answers |
|---|---|---|
| 1 | What's your name? | My name is … |
| 2 | What do you do? | I am a … |
| 3 | What's your father's name? | My father's name is … |
| 4 | What does your father do? | My father is a … |
| 5 | What's your mother's name? | My mother's name is … |

# Video Lesson 03 – Day 02 (২য় দিন)

## Names of 7 Days (৭ দিনের নাম)

Saturday = স্যাঠাডেই
Sunday = 'সানডেই
Monday = 'মানডেই
Tuesday = ঠিউজডেই
Wednesday = ওয়েন্সডেই
Thursday = 'থাজডেই
Friday = ফ্রাইডেই

**Note:** শব্দের শেষে **ay** থাকলে বাংলায় উচ্চারণের ক্ষেত্রে **'ই'** হবে।

**"The days of the week are constant, but what we do with them can change everything."**

☑ **Command:** এক নিঃশ্বাসে **7 Days** ৫ বার বলুন।

☐ **Upward sound:** নিচের শব্দগুলোর মধ্যে **"Ay"** ধ্বনি রয়েছে, তাই এগুলোতে স্বরটি একটু দীর্ঘায়িত হবে, অর্থাৎ একটু **লম্বা** টান দিয়ে উচ্চারণ করতে হবে।

| | | | |
|---|---|---|---|
| Pay | ফেই | Day | ডেই |
| Say | সেই | Way | ওয়েই |
| Lay | লেই | Clay | ক্লেই |
| Ray | রেই | Okay | ও'খেই |
| Stay | স্টেই | Pray | ফ্রেই |
| Bay | বেই | Display | ডিসপ্লে'ই |
| May | মেই | Replay | রিফ্লে'ই |

# Video Lesson 04

## Names of 12 months (১২ মাসের নাম)

January = জ্যানু-য়ারি
February = ফেব্রুয়ারি
March = মাচ
April = এইফ্রল
May = মেই
June = জুন
July = জুলাই/জুলায়
August = ও'গাষ্ট
September = সেপ্ ঠেম্ বা..(র)
October = অক'ঠৌ বা...(র)
November = নৌ'ভেম'বা..(র)
December = ডি'সেম্ বা..(র)

☑ R- এর পরে Vowel (a,e,i,o,u/w,y) থাকলে R উচ্চরিত হবে।

☑ R- এর পরে Pure-Consonant থাকলে R উচ্চরিত হবে না।

☑ **Command:** এক নিঃশ্বাসে **12 months** ৩ বার বলুন ।

# Video Lesson 05

## Cardinal numbers

| Number | Spelling | Pronunciation |
|---|---|---|
| 01 | One | ওয়ান |
| 02 | Two | ঠু |
| 03 | Three | থ্রি |
| 04 | Four | ফৌ (র) |
| 05 | Five | ফাইভ |
| 06 | Six | সিক্স |
| 07 | Seven | সেভেন |
| 08 | Eight | এইঠ |
| 09 | Nine | নাইন |
| 10 | Ten | ঠেন |
| 11 | Eleven | লাভেন /ই'লাভেন |
| 12 | Twelve | ঠুয়ালভ |
| 13 | Thirteen | থা'ঠীন |
| 14 | Fourteen | ফো'ঠীন |
| 15 | Fifteen | ফিফ্'ঠীন |
| 16 | Sixteen | সিক্স্'ঠীন |
| 17 | Seventeen | সেভেন'ঠীন |
| 18 | Eighteen | এই'ঠীন |
| 19 | Nineteen | নাইন'ঠীন |
| 20 | Twenty | ঠুয়েনঠি/ঠুয়েনি |
| 30 | Thirty | থা(আ)-ঠি |
| 40 | Forty | ফো-ঠি |
| 50 | Fifty | ফিফ-ঠি |
| 60 | Sixty | সিক্স-ঠি |
| 70 | Seventy | সেভেন-ঠি |
| 80 | Eighty | এইঠি |
| 90 | Ninety | নাইনঠি |
| 100 | One hundred | ওয়ান হানড্রেড |

☑ **Tactics:** এক নিঃশ্বাসে **Cardinal numbers** ২ বার বলুন ।

## আজকের মুখস্থ অংশ

☐ **Tactics:** Self-Presentation এর জন্য প্রয়োজনীয় ভোকাবুলারি।

| | | | |
|---|---|---|---|
| Introduce | পরিচয় করানো | Wasting | অপচয় |
| Currently | বর্তমানে | Dishonesty | অসততা |
| Studying | পড়াশোনা করা | Lying | মিথ্যা বলা |

## Self-Presentation

**2. Name (নাম):**

- ☑ My name is ______.
- ☑ This is ______ in front of you.
- ☑ Myself, ______ here.


## Daily Conversation Practice (100)

Ask to your partner.



**Attention:** আমরা অনেক সময় মনে করি, শুধু উত্তর মুখস্থ করলেই হবে। কিন্তু প্রশ্ন করাও যে শেখার একটি গুরুত্বপূর্ণ অংশ, সেটি আমরা উপেক্ষা করে বসি। তাই এখন থেকে আমরা শুধু উত্তর নয়, বরং প্রশ্নসহ মুখস্থ করব।

**"What you memorize becomes a part of you, shaping your thoughts and actions."**




| SL | Questions | Answers |
|---|---|---|
| 6 | What does your mother do? | My mother is a … |
| 7 | How many members are there in your family? | We are … members in my family. |
| 8 | Are you from a joint family? | No, I am from a nuclear family. / Yes, I am from a joint family. |
| 9 | Are your grandparents alive? | No, my grandparents are not alive. / Yes, my grandparents are alive. |
| 10 | How many brothers and sisters do you have? | I have … sisters and … brothers. |


# Video Lesson 06 – Day 03 (৩য় দিন)

## P (ফি)sound



**Command:** প্রথমে, প্রত্যেকটি শব্দ এক নিঃশ্বাসে ৪০ বার উচ্চারণ কর। যদি তুমি আরও বেশি বার উচ্চারণ করতে পার, তাহলে তা আরও ভালো। যেমন ('Pen') এরপর, পাঁচটি শব্দ একত্র করে এক নিঃশ্বাসে ১০ বার বল। সর্বশেষে, সম্পূর্ণ কলামটির ২৫টি শব্দ এক নিঃশ্বাসে বল।

**"Obedience isn't weakness, it's power under control."**




☐ শব্দের শুরুতে আগে P এর উচ্চারণ যেখানে (প) পড়তেন এখন থেকে সেখানে (ফ) পড়বেন।

| | | | | |
|---|---|---|---|---|
| Pen | ফেন | | Paint | ফেইন্ঠ |
| Pack | ফ্যাখ | | Paper | ফেইফা(আ) |
| Path | ফাথ | | Peace | ফিস |
| Pass | ফাছ | | Paste | ফেইস্ট |
| **Pig** | ফিগ | | **Power** | ফাওয়া(আ) |
| Pump | ফাম্ফ | | Pile | ফাইল |
| Peep | ফীফ | | Plate | ফ্লেইঠ |
| Plot | ফ্লঠ | | Plan | ফ্ল্যান |
| Patch | ফ্যাচ | | Pause | ফজ |
| **Plug** | ফ্লাগ | | **Pouch** | ফাউচ |
| Play | ফ্লেই | | Point | ফয়েন্ঠ |
| Price | প্রা/ফ্রাইস | | Prize | প্রা/ ফ্রাইজ |
| Pathway | ফাথওয়ে | | Pearl | ফ্যায়াল |
| Phone | ফৌওন | | Prime | প্রা/ফ্রাইম |
| **Print** | প্রি/ফ্রিন্ঠ | | **Profile** | প্রো/ফ্রো ফাইল |
| Push | ফুশ | | Prance | ফ্রান্স |
| Pair | ফেয়া(আ) | | Patrol | ফ্যাঠ্রোল |
| Pith | ফিথ | | Puzzle | ফাজল |
| Pet | ফেঠ | | Pencil | ফেনসিল |

| | | | | |
|---|---|---|---|---|
| **Punch** | ফাঞ্চ | | **Pray** | প্রে/ফ্রেই |
| Puddle | ফাডল | | Perfect | ফাফেক্ঠ |
| Point | ফয়েন্ঠ | | Pace | ফেইস |
| Plant | ফ্ল্যান্ঠ | | Platform | ফ্ল্যাঠফম |
| Prepare | ফ্রি/প্রিফে(আ) | | Promote | প্রো/ফ্রোমোঠ |
| Ponder | ফন্ডা(আ) | | Protect | প্রো/ফ্রোঠেক্ঠ |

☑ **Tactics:** যত জোরে শব্দ করে পড়তে পারবেন, তত দ্রুতই আপনি ফ্লুয়েন্সি অর্জন করবেন।




**"People who laugh at you today, will admire you tomorrow."**

## <u>আজকের মুখস্থ অংশ</u>

☐ **Tactics:** Self-Presentation এর জন্য প্রয়োজনীয় ভোকাবুলারি।

| | | | |
|---|---|---|---|
| Foundation | ভিত্তি | Addiction | আসক্তি |
| Preparing | প্রস্তুতি নেওয়া | Mistake | ভুল |
| Enjoy | উপভোগ করা | Conversation | আলোচনা |

## <u>Self-Presentation</u>

### 3. Place of Living (বসবাসের স্থান):

☑ I am from ______ (hometown), but currently, I live at ______ (current place) in ______ (city/district).

☑ I live in ______ (present place), but I grew up in ______ (hometown).

## Daily Conversation Practice (100)

Ask to your partner.



**Attention:** আমরা অনেক সময় মনে করি, শুধু উত্তর মুখস্থ করলেই হবে। কিন্তু প্রশ্ন করাও যে শেখার একটি গুরুত্বপূর্ণ অংশ, সেটি আমরা উপেক্ষা করে বসি। তাই এখন থেকে আমরা শুধু উত্তর নয়, বরং প্রশ্নসহ মুখস্থ করব।

**"What you memorize becomes a part of you, shaping your thoughts and actions."**




| SL | Questions | Answers |
|---|---|---|
| 11 | What’s your elder brother’s name? | My elder brother’s name is … |
| 12 | What’s your younger sister’s name? | My younger sister’s name is … |
| 13 | Who is the earning person in your family? | My … is the earning person of my family. |
| 14 | Who is your favorite person in your family? | My favorite person in my family is … |
| 15 | Are you married? | No, I am unmarried. |

**"Don’t stop when you’re tired. Stop when you’re done."**
— *Unknown*
**"Whether you think you can or think you can’t, you’re right."**
— *Henry Ford*
**"The only limit to our realization of tomorrow will be our doubts of today."**
— *Franklin D. Roosevelt*

# Video Lesson 07 – Day 04 (৪র্থ দিন)

## T(ঠি) Sound



**Command:** প্রথমে, প্রত্যেকটি শব্দ এক নিঃশ্বাসে ৪০ বার উচ্চারণ কর। যদি তুমি আরও বেশি বার উচ্চারণ করতে পার, তাহলে তা আরও ভালো। যেমন ('Take') এরপর, পাঁচটি শব্দ একত্র করে এক নিঃশ্বাসে ১০ বার বল। সর্বশেষে, সম্পূর্ণ কলামটির ২৫টি শব্দ এক নিঃশ্বাসে বল।

**"Obedience isn't weakness, it's power under control."**




☐ শব্দের শুরুতে আগে T এর উচ্চারণ যেখানে (ট) পড়তেন এখন থেকে সেখানে (ঠ) পড়বেন।

| | | | |
|---|---|---|---|
| Take | ঠেইখ | Talk | ঠোখ |
| Task | ঠাস্ক | Time | ঠাইম |
| Team | ঠিম | Tank | ঠ্যাঙ্খ |
| Track | ট্র্যা/ঠ্র্যাখ | Tall | ঠল |
| **Tear** | ঠিয়া(আ) | **Taste** | ঠেইস্ট |
| Train | ট্রে/ঠ্রেইন | Top | ঠফ |
| Talker | ঠোখা(আ) | Target | ঠাগেঠ |
| Tough | ঠাফ | Table | ঠেইবল |
| Tap | ঠ্যাফ | Trend | ট্রে/ঠ্রেন্ড |
| **Tail** | ঠেইল | **Talent** | ঠ্যালেন্ঠ |
| Tone | ঠোন | Targeted | ঠাগেঠেড |
| Teach | ঠীচ | Track | ট্র্যা/ঠ্র্যাখ |
| Trendy | ট্রে/ঠ্রেনডি | Ticket | ঠিকেঠ |
| Test | ঠেস্ট | Tense | ঠেনস |

| | | | |
|---|---|---|---|
| **Twist** | ঠুইস্ট | **Trade** | ট্রে/ঠ্রেড |
| Type | ঠাইফ | Tidy | ঠাইডি |
| Tune | ঠিউন | Tuck | ঠাখ |
| Trap | ট্রা/ঠ্র্যাফ | Trust | ট্রা/ঠ্রাস্ট |
| Track | ট্রা/ঠ্র্যাখ | Tolerant | ঠোলারেন্ঠ |
| **Trek** | ট্রে/ঠ্রেখ | **Tolerate** | ঠোলারেইঠ |
| Takeoff | ঠেইখঅফ | Testify | ঠেস্টিফাই |
| Trick | ট্রি/ঠ্রিখ | Tangle | ঠ্যাঙ্গেল |
| Tickle | ঠিখোল | Trance | ট্রা/ঠ্র্যান্স |
| Tune-up | ঠিউন-আফ | Token | ঠোখেন |
| Tapper | ঠ্যাফা(আ) | Trip | ট্রি/ঠ্রিফ |

☑ **Tactics:** যত জোরে শব্দ করে পড়তে পারবেন, তত দ্রুতই আপনি ফ্লুয়েন্সি অর্জন করবেন।

## আজকের মুখস্থ অংশ

☐ **Tactics:** Self-Presentation এর জন্য প্রয়োজনীয় ভোকাবুলারি।

| | | | |
|---|---|---|---|
| Dislike | অপছন্দ করা | Pre-Closing | পূর্ব সমাপ্তি |
| Relaxation | বিশ্রাম | Forgive | ক্ষমা করা |
| Become | হওয়া | Great | বড়/মহান |

## Self-Presentation

### 4. Present Status (বর্তমান অবস্থা):

- ☑ Actually, I am a student, currently studying in [class/grade] at [school/college/university].
- ☑ I am also doing a foundation English course at English Commando.
- ☑ Additionally, I am preparing for a government job.


## Daily Conversation Practice (100)

Ask to your partner.



**Attention:** আমরা অনেক সময় মনে করি, শুধু উত্তর মুখস্থ করলেই হবে। কিন্তু প্রশ্ন করাও যে শেখার একটি গুরুত্বপূর্ণ অংশ, সেটি আমরা উপেক্ষা করে বসি। তাই এখন থেকে আমরা শুধু উত্তর নয়, বরং প্রশ্নসহ মুখস্থ করব।

**"What you memorize becomes a part of you, shaping your thoughts and actions."**




| SL | Questions | Answers |
|---|---|---|
| 16 | What does your husband/wife do? | I am unmarried. |
| 17 | Are you happy with your family? | Yes, I am happy with my family. / No, sometimes I feel differently. |
| 18 | What are you studying? | I am studying … |
| 19 | Who was your favorite school teacher? | My favorite school teacher was … |
| 20 | What was your group? | My group was … |

**"Your time is limited, so don't waste it living someone else's life."**
— *Steve Jobs*

**"Small daily improvements over time lead to stunning results."**
— *Robin Sharma*

**Happiness is not something ready-made. It comes from your own actions."**
— *Dalai Lama*

# Video Lesson 08 – Day 05 (৫ম় দিন)

## C,K,Q Sound



**Command:** প্রথমে, প্রত্যেকটি শব্দ এক নিঃশ্বাসে ৪০ বার উচ্চারণ কর। যদি তুমি আরও বেশি বার উচ্চারণ করতে পার, তাহলে তা আরও ভালো। যেমন ('Cap') এরপর, পাঁচটি শব্দ একত্র করে এক নিঃশ্বাসে ১০ বার বল। সর্বশেষে, সম্পূর্ণ কলামটির ২৫টি শব্দ এক নিঃশ্বাসে বল।

**"Obedience isn't weakness, it's power under control."**




☐ শব্দের শুরুতে আগে C এর উচ্চারণ যেখানে (ক) পড়তেন এখন থেকে সেখানে (খ) পড়বেন।

| | | | |
|---|---|---|---|
| Cap | খ্যাফ | Keep | খিফ |
| Can | খ্যান | Kid | খিড |
| Card | খাড | Kind | খাইন্ড |
| Cash | খ্যাস | Kick | খিখ |
| **Calm** | খাম | **King** | খিং |
| Camp | খ্যাম্ফ | Kite | খাইঠ |
| Care | খেয়া(আ) | Kit | খিঠ |
| Case | খেইচ | Keen | খিন |
| Cart | খাঠ | Kidnap | খিডন্যাফ |
| **Catch** | খ্যাচ | **Kid** | খিড |
| Cause | খজ | Kitten | খিঠেন |
| Claim | খেল্ইম | Kettle | খেঠেল |
| Clap | খেলাফ | Kernel | খানেল |
| Class | খেলাস | Killer | খিলা(আ) |
| **Cling** | খিলিং | **Keeper** | খিফা(আ) |
| Clock | খোলো্খ | Quit | খুইঠ |
| Close | খোলোছ | Quick | খুইখ |
| Climb | খেলাইম | Queen | খুইন |
| Clip | খিলিফ | Quest | খুয়েস্ট |
| **Clone** | খোলোণ | **Quill** | খুইল |
| Clown | খেলাউন | Question | খুয়েশ্চেন |
| Claim | খেলেইম | Quality | খোয়া'লিঠি |
| Code | খোড | Quarter | খোয়াঠা(আ) |
| Cold | খোল্ড | Quickly | খুইখ'লি |
| Cure | খিও | Quietly | খুয়াইঠ'লি |

☑ **Tactics:** যত জোরে শব্দ করে পড়তে পারবেন, তত দ্রুতই আপনি ফ্লুয়েন্সি অর্জন করবেন।

# Video Lesson 09 – Day 06 (৬ষ্ঠ দিন)

☐ যদি কোনো শব্দে p, t, c, k, বা q-এর পরে vowel থাকে, তবে p, t, c, k, বা q-এর উচ্চারণ অনেক সময় ফ, ঠ, খ-এর মতো শোনায়।

| | | | |
|---|---|---|---|
| Attack | Not (অ্যাটাক) | অ্যাঠাখ | আক্রমণ |
| Pocket | Not (ফকেট) | ফখেঠ | পকেট |
| Paper | Not (ফেইপা) | ফেইফা | কাগজ |

☐ যদি কোন শব্দের শেষে es থাকে তাহলে উচ্চারণের ক্ষেত্রে "জ" এর মতো শোনায় আর মাঝেমধ্যে as এর ক্ষেত্রেও ।

| | | | |
|---|---|---|---|
| Classes | Not (ক্লাসেস) | খ্লাসেজ | শ্রেণিগুলি |
| Fireflies | Not (ফায়াফ্লাইস) | ফায়াফ্লাইজ | জোনাকিপোকা |
| Fleas | Not (ফ্লিস) | ফ্লিজ | উকুন বা পোকা |

## **Slightly Different (সামান্য ভিন্ন)**



**Attention:** p, t, c, k, q কে আমরা সব ক্ষেত্রেই যে ফ, ঠ, খ এর মত উচ্চারণ করব তা নয় একটু ভিন্নতা রয়েছে সেটা হচ্ছে s এর পরে যদি p, t, c, k, q এই লেটারগুলো আসে সেক্ষেত্রে এর উচ্চারণে কোন পরিবর্তন হবে না আগের মতই হবে যে রকম আগে বলতাম Spot (স্পট) এখনোও হবে স্পট আগে বলতাম Stop (স্টপ) এখনোও হবে স্টপ




☐ S এর পরে যদি p,t,c,k,q থাকে তবে উচ্চারনের ক্ষেত্রে কোন পরিবর্তন হবে না। স্বাভাবিক 'প' ,ট ,ক এরমত উচ্চারিত হবে।

Spot-Stop-Scot = Scot-Stop-Spot
Spill-Still-Skill = Skill-Still-Spill
Spy-Stay-Sky = Sky-Stay-Spy
Speaker-Sticker-Skater = Skater-Sticker-Speaker
Spoon-Stone-Scope = Scope-Stone-Spoon

☐ P,T,C,K,Q এর পরে যদি "R" থাকে তবে উচ্চারনের ক্ষেত্রে কোন পরিবর্তন হবে না। স্বাভাবিক 'প' ,ট ,ক এরমত উচ্চারিত হবে।


| | | | |
|---|---|---|---|
| Prepare | Not ফ্রিফেয়ার | প্রিপেয়ার | প্রস্তুত করা |
| Trick | Not ঠ্রিক | ট্রিখ | ট্রিক |
| Crack | Not খ্র্যাক | ক্র্যাখ | ফাটল |

# Video Lesson 10

## Usage of "r"("r" এর ব্যবহার)



**Attention:** ব্রিটিশ ইংরেজিতে, যদি 'r' এর পরে কোনো consonant থাকে, তাহলে 'r' উচ্চারণ করা হয় না। কিন্তু 'r' এর পরে যদি vowel বা semi-vowel থাকে, তাহলে 'r' উচ্চারিত হয়। British English এবং American English-এর মধ্যে একটি বড় পার্থক্য হলো 'r' এর উচ্চারণ। ব্রিটিশরা প্রায় সব ক্ষেত্রেই 'r' উচ্চারণ করে না, কিন্তু আমেরিকানরা প্রায় সব ক্ষেত্রেই 'r' উচ্চারণ করে।




☑ শব্দের শুরুতে 'R' হলে অবশ্যই R "র" এর মতো উচ্চারিত হবে।

| | | |
|---|---|---|
| **R**eally | রিয়েলি | সত্যিই |
| **R**ight | রাইট | ঠিক |
| **R**eady | রেডি | প্রস্তুত |

☑ R- এর পরে Pure-Consonant থাকলে R উচ্চরিত হবে না।

| | | |
|---|---|---|
| Fa**r**m | ফাম | খামার |
| Ma**r**ch | মাচ | মার্চ মাস |
| Ma**r**ket | মাখেঠ | বাজার |

☑ R- এর পরে Vowel (a,e,i,o,u/w,y) থাকলে R উচ্চরিত হবে।

| | | |
|---|---|---|
| Lib**r**ary | লাইব্রেরি | গ্রন্থাগার |
| Mi**r**acle | মিরাকল | আশ্চর্য |
| Ho**r**izon | হরাইজন | দিগন্ত |

☑ শব্দের শেষে re থাকলেও R উচ্চারিত হবে না, কিন্তু er থাকলে R উচ্চারিত হবে ।

| | | |
|---|---|---|
| Before | বিফো | পূর্বে |
| Father | ফাদা | বাবা |
| Teacher | ঠিচা | শিক্ষক |

## আজকের মুখস্থ অংশ

☐ **Tactics:** Self-Presentation এর জন্য প্রয়োজনীয় ভোকাবুলারি।

| | | | |
|---|---|---|---|
| Goal | লক্ষ্য | Thank | ধন্যবাদ |
| Expert | বিশেষজ্ঞ | Have | থাকা |
| Sports | খেলা | Day | দিন |
| Lover | প্রেমিকা | Allah Hafez | আল্লাহ হাফেজ |

## Self-Presentation

**5. Hobby/Liking/Disliking (শখ/পছন্দ/অপছন্দ):**

- ☑ I am a sports lover. I love playing ______ (e.g., cricket or football) in the afternoon as it keeps me healthy.
- ☑ I enjoy reading English storybooks in my free time as it helps improve my English.
- ☑ Traveling and watching movies on holidays bring me joy and relaxation.
- ☑ I dislike smoking, wasting time, and consuming fast food. I also dislike dishonesty, lying, and drug addiction


## Daily Conversation Practice (100)

Ask to your partner.



**Attention:** আমরা অনেক সময় মনে করি, শুধু উত্তর মুখস্থ করলেই হবে। কিন্তু প্রশ্ন করাও যে শেখার একটি গুরুত্বপূর্ণ অংশ, সেটি আমরা উপেক্ষা করে বসি। তাই এখন থেকে আমরা শুধু উত্তর নয়, বরং প্রশ্নসহ মুখস্থ করব।

**"What you memorize becomes a part of you, shaping your thoughts and actions."**




| SL | Questions | Answers |
|---|---|---|
| 20 | What was your group? | My group was … |
| 21 | How do you go to school? | I go to school on foot. |
| 22 | Where is your college situated? | My college is located in … |
| 23 | Who is your principal? | My principal is … |
| 24 | Who is your favorite college teacher? | My favorite college teacher is … |
| 25 | What is the name of your university? | The name of my university is … |

# Video Lesson 11-18 – Day: 7-10


## Tongue Twisters (দুরূচ্চার্য শব্দ).



**Attention:** মিষ্টি না খেলে যেমন তার স্বাদ বোঝানো যায় না, ঠিক তেমনি Tongue Twister কী এবং কেন প্র্যাকটিস করা উচিত, তা না করা পর্যন্ত অনুভব করা সম্ভব নয়।

নিচে ২৮টি Tongue Twister দেওয়া হলো, যেখানে প্রতিটির পাশে একটি সংখ্যা উল্লেখ আছে। এই সংখ্যা নির্দেশ করে, এক নিঃশ্বাসে কতবার এটি বলার চেষ্টা করবে।


দ্রুত এবং শুদ্ধভাবে যথা সম্ভব বলার চেষ্টা কর। প্রয়োজনে উচ্চস্বরে চেঁচিয়ে বল। নিয়মিত অনুশীলন করলে, এর গুরুত্ব ও উপকারিতা তুমি নিজেই অনুভব করবে!




| No. | Tongue Twister | Bangla Pronunciation |
|---|---|---|
| 1 | Specific Pacific (09) | স্পেসিফিখ ফ্যাসিফিখ |
| 2 | Fresh fried fish (09) | ফ্রেশ ফ্রাইড ফিশ |
| 3 | Red lorry, yellow lorry (10) | রেড লোরী, ইয়েলো লোরী |
| 4 | World war whirlpool (08) | ওয়ার্ল্ড ওয়া ওয়ালফুল |
| 5 | Unique New York (11) | ইউনিখ নিউ ইয়োখ |
| 6 | Fuzzy Wuzzy was a bear (12) | ফাজি ওয়াজি ওয়াজ আ ব্যা(আ) |
| 7 | Six slippery snails (08) | সিক্স স্লিপারি স্নেইলস |
| 8 | Two toads totally tired today (06) | ঠু ঠোড্স ঠোওঠালি ঠায়াড ঠুডেই |
| 9 | Friendly fleas and fireflies (07) | ফ্রেন্ডলি ফ্লিজ/স আন্ড ফায়াফ্লাইজ |
| 10 | Papa Poppy pets a pretty parrot (07) | ফাফা ফফি ফেট্স আ ফ্রিঠি ফ্যারোঠ |
| 11 | Carlos kicks a curly corner kick (08) | খালোস খিক্স আ খালি খোনা(আ) খিখ |
| 12 | Keenly cleaning copper kettles (07) | খীনলি খিলিনিং খফা(আ) খ্যাঠে্লজ |
| 13 | A proper copper coffee cup (08) | আ প্রো/ফ্রোফা(আ) খফা(আ) খফি খাপ |
| 14 | Rubber baby buggy bumpers (09) | রাবা(আ) ব্যায়বি বাগি বাম্ফা্স |
| 15 | Cooks cook cupcakes quickly (05) | খুকস খুখ খাপখেইক্স খুইখলি |
| 16 | I had a tough, thorough thought, though (06) | আই হ্যাড আ ঠাফ, থ্রোরো থোট, দো |
| 17 | Totally terrific arctic tongue twister (05) | ঠোওঠালি ঠেরিফিক আকঠিক ঠাং ঠুইস্টা(আ) |

| | | |
|---|---|---|
| 18 | Fuzzy Wuzzy was a bear. Fuzzy Wuzzy had no hair. Fuzzy Wuzzy wasn't very fuzzy, was he? (03) | ফাজি ওয়াজি ওয়াজ আ ব্যা(আ)। ফাজি ওয়াজি হ্যাড নো হ্যা(আ)। ফাজি ওয়াজি ওয়াজেন্ট ভেরি ফাজি, ওয়াজ হি? |
| 19 | A big black bug bit the big black bear but the big black bear bit the big black bug back. (03) | আ বিগ ব্ল্যাক বাগ বিট দা বিগ ব্ল্যাক ব্যা(আ) বাট দা বিগ ব্ল্যাক ব্যা(আ) বিট দা বিগ ব্ল্যাক বাগ ব্যাক। |
| 20 | Betty botter bought a bit of butter, but the butter was bitter so betty botter bought a better bit of butter. (03) | বেঠি বঠা(আ) বোট আ বিঠ অব বাঠা(আ), বাট দা বাঠা(আ) ওয়াজ বিঠা সো বেঠি বঠা(আ) বোট আ বেঠা বিঠ অব বাঠা(আ |
| 21 | I scream, you scream, we all scream for ice cream (06) | আই স্ক্রিম, ইউ স্ক্রিম, উই ওল স্ক্রিম ফর আইস ক্রিম |
| | **P, T, C, K, Q এর এর Sound গুলো শুদ্ধ করার জন্য।** | |
| 22 | Take the total team in the tea garden to take the taste of every teaspoon of tea in the tea-time. (02) | ঠেইখ দা ঠোওঠাল ঠিম ইন দা ঠি গাডেন ঠু ঠেইখ দা ঠেইস্‌ট অভ এভরি ঠি স্পুন অভ ঠি ইন দ্য ঠি-ঠাইম। |
| 23 | Tiny turtles tiptoe to the tall tree, taking turns to the taste ten tender tomatoes. (02) | ঠাইনি ঠাঠোল্‌স ঠিপঠোও ঠু দা ঠুল ট্রি, ঠেইখিং ঠান্‌স ঠু দা ঠেইস্ট ঠেন ঠেন্ডা (আ) ঠোমাঠোজ। |
| 24 | Power plan produces more power to provide the better service for public. So, to produce more power connection publicly. Public-private entrepreneurship is profitable. (01) | ফাও(আ) ফ্লান ফ্রোডিউছিজ মো ফাও(আ) ঠু প্রো/ফ্রোভাইট দা বেঠা(আ) সাভিস ফ ফাবলিখ। সো, ঠু ফ্রোডিউছিজ মো ফাও(আ) খানেখশন ফাবলিকলি। ফাবলিক-প্রা/ফ্রাইভেট অন্ট্রাপ্রোনাশিপ ইজ প্রো/ফ্রোফিঠেইবল। |
| 25 | Perfectly planned projects produce powerful profits, pushing progress persistently. To promote public prosperity, partnerships pave promising pathways. (01) | ফাফেক্টলি /ফ্লান্‌ড ফ্রজেক্টস প্র/ফ্রডিউস ফাওয়া(আ)ফুল প্রো/ফ্রোফিট্‌স, ফুশিং প্র /ফ্রগ্রেস ফাসিস্টেন্টলি। ঠু ফ্রমোট ফাবলিক ফ্রস্প্যারিঠি, ফাটনারশিপ্‌স ফেইভ প্র/ফ্রমিসিং ফাথওয়েয়স। |

| | | |
|---|---|---|
| 26 | Canadian coffee house KFC campaigns for chocolate cake in Cambodia. Campaign cases the concentration of Cambodians. (01) | খ্যানেইডিয়ান খফি হাউজ খেই-এফ-সি খ্যাম্পেইন্‌স ফ চকলেঠ খেইখ ইন খ্যাম্বোডিয়া। খ্যাম্ফেইন খেইসেজ দ্য খনসেনথ্রেইশন অভ খ্যাম্বোডিয়ান্‌স। |
| 27 | Cautious cats carried a colorful cups of creamy coffee, creating clever clouds, collecting crispy Cross-ants, and curiously counting countless cookies in cozy cafés. (01) | খোশাস খ্যাঠ্‌স খ্যারিড আ খালা(আ)ফুল খাপ্‌স অফ খ্রিমি খফি, খ্রিয়েইঠিং খেলেভা(আ) খেলাউড্‌স, খালেকঠিং খ্রিসপি ক্রস-আন্টস, আন্ড খিউরি'য়াসলি খাউনঠিং খাউন্টলেস খুখিজ ইন খোওজি খ্যাফেইজ। |
| 28 | Keen kites quickly quested for quirky queens, keeping quiet as they queued for a king's coveted crown. (02) | খিন খাইঠ্‌স খুইকলি খুয়েস্টেড ফ খোয়াখি খুইন্স, খিফিং খুয়া'ইঠ অ্যাজ দেই খিউড ফর আ খিং'স খোওভেটেড খ্রাউন। |




## মুখস্থ অংশ Day: 7-10

### Self-Presentation

**6. Future Plan (ভবিষ্যৎ পরিকল্পনা):**

- ☑ I want to become a/an ______ (e.g., doctor, engineer, teacher) in the future.
- ☑ My goal is to be an expert ______ (e.g., security analyst, photographer, engineer).

**7. Pre-Closing/Closing (সমাপ্তি):**

- ☑ Thank you very much.
- ☑ Please forgive me if I made any mistakes.
- ☑ Have a great day!
- ☑ Allah Hafez.